# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 08-10-2025** **Time: 7.35 A.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১) ভোটার তালিকা সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি দল আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে জেলা নির্বাচনী আধিকারিক, ERO এবং নির্বাচনের সঙ্গে যুক্ত অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করবে। পরে তাদের উত্তর ২৪ পরগণাতেও আর এক দফা বৈঠকে বসার কথা।

২) প্রবল বৃষ্টি, ভূমিধ্বসে বিপর্যস্ত উত্তরবঙ্গের ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজ জোর কদমে চলেছে। আবহাওয়া ধীর ধীরে উন্নতি হওয়ায় পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক হয়ে এসেছে।

লোকসভার অধ্যক্ষ **ওম বিড়লা,** নাগরাকাটায় ত্রাণ বিলির সময়ে বিজেপি সাংসদের উপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছেন।

রাজ্যপাল, মুখ্যমন্ত্রী রাজ্যের বিরোধী দলনেতা সহ বিভিন্ন নেতা গতকাল ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন।

৩) উত্তরবঙ্গে অতিভারি বৃষ্টির পূর্বাভাস যথাযথ সময়ে দেওয়া হয়েছিল বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

৪) এনটিএ, ইউজিসি-র নেট ২০২৫ ডিসেম্বরের পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু করেছে।

৫) ১২৫ তম আইএফএ শিল্ড ফুটবল প্রতিযোগিতা শুরু হচ্ছে।

---

ভোটার তালিকা সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি দল আজ জেলা নির্বাচনী আধিকারিক, ERO এবং নির্বাচনের সঙ্গে যুক্ত অন্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করবে। পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক - উপনির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে এই দলের অন্য সদস্যরা হলেন নির্বাচন কমিশনের প্রিন্সিপাল সেক্রেটারি SB যোশী, ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল এবং DG-IT সীমা খান্না। সীমা খান্নার অবশ্য আজ আসার কথা।

ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকের পর প্রতিনিধি দল যাবে উত্তর ২৪ পরগনায়। সেখানে দুপুরে রাজারহাট জেলা পরিষদ অডিটোরিয়ামে এক বৈঠকে যোগ দেবেন তারা। রাজারহাট-নিউটাউন ও রাজারহাট-গোপালপুর বিধানসভা কেন্দ্রের জেলা নির্বাচনী আধিকারিক, এডিএম (নির্বাচন), ওসি (নির্বাচন), ই.আর.ও, এ.ই.আর.ও, সুপারভাইজার এবং বি.এল.ও-রা বৈঠকে উপস্থিত থাকবেন। বিকেলে বারাসাত কালেক্টরেটেও আর একটি বৈঠকে অংশগ্রহনের কর্মসূচী রয়েছে প্রতিনিধি দলটির।

আগামীকাল তাঁরা যাবেন পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া ও ঝাড়গ্রামে।

দুই জেলার বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল এবং অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিকরা উপস্থিত থাকবেন।

------------------------

প্রবল বৃষ্টি, ভূমিধ্বসে বিপর্যস্ত উত্তরবঙ্গের ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজ জোর কদমে চলছে। পূর্ত, জনস্বাস্থ্য কারিগরী, অসামরিক প্রতিরক্ষা, বিপর্যয় মোকাবিলা, বিদ্যুত ও দমকল দপ্তরের পাশাপাশি বেসরকারী নানা সংগঠনের পক্ষ থেকে ত্রাণ বিলির কাজে হাত লাগানো হচ্ছে।
জলপাইগুড়ি ও শিলিগুড়ি স্টুডেন্টস হেলথ হোম এর পক্ষ থেকে দুর্গতদের থাকা খাওয়া ও স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা করা হয়েছে বলে হোমের সাধারণ সম্পাদক ডাক্তার পবিত্র গোস্বামী জানিয়েছেন।

উত্তরবঙ্গ রাজ্য পরিবহন নিগম এনবিএসটিসি সূত্রে জানা গেছে, গতরাত পর্যন্ত মোটা ৩৭১ জন যাত্রীকে ৯ টি গাড়িতে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে আসা হয়েছে। এই নিয়ে ৫ ই অক্টোবর থেকে গতকাল পর্যন্ত এক হাজার ৬১০ জনকে উদ্ধার করা হল।

এদিকে আবহাওয়া ধীরে ধীরে উন্নতি হওয়ায় উদ্ধারকাজ ত্বরান্বিত হবে বলে আশা করা হচ্ছে।

এই বিপর্যয়ে এখনো পর্যন্ত রাজ্য সরকারের পক্ষ থেকে ২৭ জনের মৃত্যুর খবর জানানো  হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ উত্তরবঙ্গ সফর করতে পারেন। সেখানে তিনি বন্যা কবলিত এলাকায় ক্ষতিগ্রস্তদের পাশাপাশই শিলিগুড়ি হাসপাতালে চিকিৎসাধীন উত্তর মালদার সাংসদ খগেন মুর্মু এবং বিধায়ক শঙ্কর ঘোষের সঙ্গেও দেখা করতে পারেন বলে সংবাদ সংস্থা ইউএনআই জানাচ্ছে।

লোকসভার অধ্যক্ষ **ওম বিড়লা,** নাগরাকাটায় বিজেপি সাংসদের উপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েছেন। **মুখ্যসচিব মনোজ পন্থকে** এব্যাপারে লোকসভার সচিবালয় থেকে চিঠি পাঠানো হয়েছে। সংসদ বিষয়ক মন্ত্রী **কিরেণ রিজিজু**

গতকাল উত্তরবঙ্গের পরিস্থিতি পরিদর্শনে এসে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, রাজ্য সরকার এই রিপোর্ট না পাঠালে সরকারের বিরুদ্ধে 'প্রিভিলেজ' আনা হবে। প্রধানমন্ত্রীর নির্দেশে তিনি উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি খতিয়ে দেখে রিপোর্ট দেবেন বলেও জানিয়েছেন।

(বাইট- রিজিজু)

সাংসদ রাজু বিস্তাও কিরেণ রিজিজুর সঙ্গে ছিলেন।

**রাজ্যপাল** CV আনন্দ বোস ত্রাণ বিলি করতে গিয়ে আক্রান্ত শিলিগুড়ির বেসরকারি নার্সিংহোমে চিকিৎসাধীন খগেন মুর্মুকে দেখতে গতকাল হাসপাতালে যান। এ ধরনের ঘটনা গণতন্ত্রে কাম্য নয় বলেও মন্তব্য করেন তিনি।

বাইট রাজ্যপাল

**মুখ্যমন্ত্রী** মমতা ব্যানার্জিও গতকাল দুধিয়া থেকে উত্তরকন্যা ফেরার পথে খগেন মুর্মুকে দেখতে যান। তাঁর শারীরিক অবস্থার'ও খোঁজখবর নিয়েছেন তিনি। এর আগে মুখ্যমন্ত্রী গতকাল মিরিকে ক্ষতিগ্রস্থ এলাকা ঘুরে দেখেন। কথা বলেন স্থানীয় মানুষ জনের সঙ্গে। **১৫** দিনের মধ্যে দুধিয়ায় ক্ষতিগ্রস্থ সেতুটি অস্থায়ীভাবে তৈরি করা হবে বলে তিনি জানান, যাতে যোগাযোগ ব্যবস্থা আপাতত চালু করা যায়। পরে এক

সাংবাদিক বৈঠকে তিনি বলেন, প্রশাসনের পক্ষ থেকে এলাকাবাসীকে ৪ তারিখেই সতর্ক করা হয়েছিল।

বাইট মুখ্যমন্ত্রী

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রী হাসপাতালে খগেন মুর্মুর সঙ্গে দেখা করলেও  শঙ্কর ঘোষকে এড়িয়ে গেছেন। তিনিও গতকাল চিকিৎসাধীন সাংসদ ও বিধায়ককে হাসপাতালে দেখতে যান।

বাইট শুভেন্দু

নাগরাকাটায় দলের সাংসদ বিধা.কদের ওপর আক্রমণের ঘটনায় এনআইএর তদন্তেরো দাবি জানিয়েছে বিজেপি।

এদিকে, আবহাওয়া দপ্চতর জানিয়েছে, উত্তরবঙ্গে অতিভারী বৃষ্টির পূর্বাভাস যথাযথ সময়েই দেওয়া হয়েছিল। এ বিষয়ে উপযুক্ত পূর্বাভাস না থাকার অভিযোগ খন্ডন করে দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান হাবিবুর রহমাণ বিশ্বাস সাংবাদিকদের বলেছেন, ১৯শে সেপ্টেম্বরেই এই পূর্বাভাস দেওয়া হয়েছিল।

বাইট হাবিবুর

------------------------

দেশের বিভিন্ন অংশ থেকে বর্ষা চলে যাওয়ার ইঙ্গিত মিললেও পশ্চিমবঙ্গে এখনও সক্রিয় মৌসুমী বায়ু। রাজ্যের বিভিন্ন জেলায় আগামী তিনদিন বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এর কারণ সেই বর্ষা।

প্রতিবার এরাজ্য থেকে ১০ তারিখের মধ্যে বর্ষা বিদায় নিলেও এবার অবশ্য সেই সম্ভাবনা কম। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

-----------------------

উত্তরবঙ্গে প্রবল বর্ষণে উত্তর পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশনের বেশ কিছু অংশে লাইনের উপর জল জমে রয়েছে বলে জানিয়েছে রেল কতৃপক্ষ। এই কারণে আজ আলিপুরদুয়ার - শিয়ালদা তিস্তা তোর্সা, গুয়াহাটি - হাওড়া সরাইঘাট এক্সপ্রেস এক্সপ্রেস, গুয়াহাটি - নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস ও গুয়াহাটি - নিউ দিল্লি পূর্বোত্তার সম্পর্ক ক্রান্তি এক্সপ্রেস সহ ১১ টি দূরপাল্লার ট্রেনের যাত্রা পথ ঘুরিয়ে দেওয়া হচ্ছে বলে খবর।

-----------------------

ন্যাশানাল টেস্টিং এজেন্সি এনটিএ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন – ইউজিসি-র ন্যাশানাল এলিজিবিলিটি টেস্ট বা নেট ২০২৫ ডিসেম্বরের পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু করেছে। ইচ্ছুক প্রার্থীরা সরকারি ওয়েবসাইটে অনলাইনে এরজন্য আবেদন করতে পারবে। ৭ ই নভেম্বর পর্যন্ত এই নিবন্ধীকরণের প্রক্রিয়া চলবে বলে ইউজিসি সূত্রে জানা গেছে। এক্ষেত্রে কোনো সংশোধনের প্রয়োজন হলে তার জন্য কারেকশন উইনডো খোলা হবে ১০ ই নভেম্বর এবং ১২ই নভেম্বর পর্যন্ত তা চালু থাকবে।

যোগ্য প্রার্থীদের জুনিয়ার রিসার্চ ফেলোশিপ প্রদান, অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগ এবং এবং ৮৫ টি বিষয়ে পিএইচডি-র অ্যাডমিশনের জন্য এই নেট পরীক্ষা নেওয়া হবে।

-----------------------

বর্ধমান পুরসভার চেক ব্যবহার করে একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের মহারাষ্ট্রের নাগপুরের হিঙ্গনঘাট শাখা থেকে ৪৮ লক্ষেরও বেশি টাকা হাতানোর অভিযোগ উঠেছে পুরসভার হিসাবরক্ষকের বিরুদ্ধে। স্থানীয় পুলিশের সাহায্যে গত সোমবার মহারাষ্ট্রের আর্থিক অপরাধ দমন শাখা বর্ধমানের ইছলাবাদের বাসিন্দা ওই হিসাবরক্ষক সমীর কুমার মুখোপাধ্যায়কে গ্রেপ্তার করেছে। ধৃতকে গতকাল বর্ধমান সিজেএম আদালতে পেশ করা হলে ট্রানজিট রিমান্ডে মহারাষ্ট্রে নিয়ে যাওয়ার আবেদন মঞ্জুর করেন বিচারক। অন্যদিকে পুরসভার চেয়ারম্যান পরেশ সরকার এই অভিযোগ নস্যাত করে বলেন, ব্যাঙ্কের ভুলে এই ঘটনা ঘটেছে।

-----------------------

১২৫ তম আইএফএ শিল্ড ফুটবল প্রতিযোগীতা আজ শুরু হবে। প্রথম দিনেই ইস্টবেঙ্গল, শ্রীনিধি ডেকান এফ সি, র মুখোমুখি হবে। কল্যাণী স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল তিনটেয়। গ্রুপ ‘এ’-তে ইস্টবেঙ্গলের সঙ্গে রয়েছে শ্রীনিধি ডেকান এফ সি ও নামধারী এফসি। গ্রুপ ‘বি’-তে রয়েছে মোহনবাগান সুপার জায়ান্ট,গোকুলাম কেরালা এফ সি এবং ইউনাইটেড এফ সি।

ইস্টবেঙ্গল ১৪ অক্টোবর নামধারীর এফ সি, র বিরূদ্ধে খেলবে। অন্যদিকে, মোহনবাগান আগামীকাল প্রথম ম্যাচে গোকুলাম কেরালা এফ সি এবং ১৫ অক্টোবর ইউনাইটেড স্পোর্টস ক্লাবের সঙ্গে খেলবে। ফাইনাল হবে ১৮ অক্টোবর।

----------------------- -----------------------